

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ সালাতুল জানাযা ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আবুল্লাহ ইব্ন বায রাহিমাহল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১৬- জানাযার নিয়ম কি?

উত্তর - জানাযার নিয়ম এই যে, প্রথমে তাকবির বলে ইমাম সাহেব আউযুবিল্লাহ ও বিসমিল্লাহ পড়ে সূরা-ফাতিহা পড়বে। সূরা ফাতিহার সাথে সূরায়ে ইখলাস বা সূরায়ে 'আসরের ন্যায় কোরআনের কোন ছোট সূরা বা কিছু আয়াত মিলিয়ে নেয়া মুস্তাহাব। সাহাবি আব্দুল্লাহ ইব্ন আব্বাস রাদিয়াল্লাছ আনহু হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এভাবে সূরা মিলিয়ে জানাযা পড়তেন। অতঃপর দ্বিতীয় তাকবির দিয়ে রাসূলের উপর দরুদ পড়বে, যেমন অন্যান্য নামাযের শেষ বৈঠকে পড়া হয়। অতঃপর তৃতীয় তাকবির দিয়ে মৃতের জন্যে দু'আ করবে, দু'আর সময় নারী-পুরুষের ক্ষেত্রে শব্দের আভিধানিক পরিবর্তন প্রয়োগ করবে, একাধিক জানাযা হলে বহুবচনের সর্বনাম ব্যবহার করবে। অতঃপর চতুর্থ তাকবির বলবে এবং ক্ষণকাল চুপ থেকে ডান দিকে এক সালাম ফিরিয়ে জানাযা শেষ করবে।

আর ছানা ইচ্ছা করলে পড়তেও পারে, আবার ইচ্ছা করলে ছেড়েও দিতে পারে। তবে তা পরিত্যাগ করাই উত্তম হবে। কেননা, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা জানাযা নিয়ে তাড়াতাড়ি করবে।" (বুখারি ও মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14816

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন